



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
সাধারণ শাখা



www.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০..০০৫.১২.০০২.১৭.৩০১

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০

২৬ জুন ২০২৩

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্র: গত ০২ এপ্রিল ২০২৩ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে।

গত ০২ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

ক্র.নং	সিদ্ধান্ত	অগ্রগতির প্রতিবেদন
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ০৮.০৩.২০২৩ তারিখে পুনর্গঠন করা হয়। ৪র্থ ত্রৈমাসিকে পরিবীক্ষণ কমিটিতে সংশোধনী না থাকায় কমিটি পুনর্গঠন করার প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় গত ০৮ মার্চ ২০২৩ তারিখে ১২৬ নং স্মারকে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিকে পরিবীক্ষণ কমিটিতে সংশোধনী না থাকায় কমিটি পুনর্গঠন করা প্রয়োজন নেই।
২.	রংপুর বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন, সভা আহ্বান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	রংপুর বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন, সভা আহ্বান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে গত ১৬ ফেব্রুয়ারি ৯২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আগামী জুন মাসে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে গত ২২ জুন ২০২৩ তারিখে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে।
৩.	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য হালনাগাদ করতে হবে।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিক সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার ২৯ সেপ্টেম্বর/ ২০২২ তারিখে করা হয়েছে। ২য় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার ফেব্রুয়ারি/২০২৩ মাসের মধ্যে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা / প্রশিক্ষণ/ সেমিনার ২৯ সেপ্টেম্বর/২০২২ তারিখে করা হয়েছে। ২য় কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার ২৩ ফেব্রুয়ারি/২০২৩ মাসে সম্পন্ন করা হয়েছে।
৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা ২০ জুন/২০২৩ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

২৬-৬-২০২৩

মো: হাবিবুর রহমান

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৫৮৮৮১২০০১

ইমেইল:

divcomrangpur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।